

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৯৭

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৬

০৩ মার্চ ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ২ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:
দেশের অভ্যন্তরীণ নদী বন্দরের জন্য কোন সতর্কবানী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ হিমালয়ের পাদদেশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। তবে, খুলনা এবং রাজশাহী বিভাগের দু'এক জায়গায় হালকা/গুঁড়ি গুঁড়ি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

তাপমাত্রাঃ দেশের উত্তর পশ্চিমাঞ্চলে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে। অন্যত্র তা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। রাতের তাপমাত্রা সামান্য (১-২) ডিগ্রী সেঃ বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা আছে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩১.৬	৩১.০	৩২.৫	৩৩.০	৩১.০	৩১.০	৩১.০	৩২.২
সর্বনিম্ন তাপমাত্রা	১৫.৮	১৭.২	১৫.৩	১৪.৪	১৬.২	১৪.৪	১৬.৫	১৬.২

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সিলেট ৩৩.০° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা শ্রীমঙ্গল, তেঁতুলিয়া ও রাজারহাট ১৪.৪° সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৯/০২/২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০১/০৩/২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩৭টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১১	০	৫

২।	ময়মনসিংহ	৩	০	০
৩।	বরিশাল	৩	০	০
৪।	সিলেট	৫	০	০
৫।	রাজশাহী	২	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৫	০	০
৮।	খুলনা	৭	০	০
	মোট	৩৭	০	৫

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১) **চট্টগ্রাম:** জেলা প্রশাসন, চট্টগ্রাম এর পত্রনম্বর ০৫.৪২.১৫০০.২১১.৯৫.০৩৭.১৯.১২৯, তারিখ ০২.০৩.২০২০খ্রিঃ এর মাধ্যমে জানানো হয়েছে যে, ০১.০৩.২০২০খ্রিঃ তারিখ দিবাগত রাত ১.২৫ টায় চট্টগ্রাম মহানগরের ১৬ নং উত্তর হালি শহরের ওয়ার্ডস্থ বড়পুল এলাকায় সংঘটিত অগ্নিকান্ডে হাজী জহিরুল হকের কয়েকটি ব্যাচেলর ভাড়া ঘর এবং ৬টি দোকান (সেমিপাকা) ঘর পুড়ে গেছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স রাত ২.৩৫টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। অগ্নিকান্ডে ২ (দুই) জন নিহত এবং ১ জন আহত হয়েছে। আহত ব্যক্তি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। নিহত ও আহতদের তথ্য নিম্নে উল্লেখ করা হলোঃ

(ক) নিহতদের তথ্যঃ

ক্রঃ নং	মৃত ব্যক্তির নাম ও বয়স	মৃত ব্যক্তির ঠিকানা	মন্তব্য
১।	মোহন (৩৫)	চান্দিনা, কুমিল্লা	মৃতদেহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হালিশহর থানায় প্রেরণ করা হয়েছে।
২।	জাকির (৩৫)	কচুয়া, চাঁদপুর	

(খ) আহতের তথ্যঃ

ক্রঃ নং	আহত ব্যক্তির নাম ও বয়স	আহত ব্যক্তির ঠিকানা	মন্তব্য
১।	কবির হোসেন (৪৫), পিতা-ইনচন	এখনো জানা যায়নি।	চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ৩৬ নং ওয়ার্ডে চিকিৎসাধীন।

২) **গোপালগঞ্জঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে টেলিফোন ও এসএমএস বার্তার মাধ্যমে জানানো হয়েছে যে, গত ০১.০২.২০২০খ্রিঃ তারিখ দুপুর ৩.২৫টায় গোপালগঞ্জ জেলার মোকসেদপুর উপজেলার রথখোলা এলাকায় সড়ক দুর্ঘটনায় একটি প্রাইভেট কার খাদে পড়ে যায় এবং সিলিণ্ডার বিস্ফোরণের ফলে কারটিতে আগুন লেগে যায়। আগুনে কারে থাকা ৫ ব্যক্তি নিহত হয়েছে। মৃত ব্যক্তিদের নাম ঠিকানা জানা যায় নি।



৩-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৯৭/১

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৬
০৩ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (সকল)
- ৪) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা
- ৫) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৩-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)